The Daily Star

# Priority should be to save lives and then economy

## *Say business leaders in a discussion*

STAR BUSINESS REPORT

A hard lockdown on all social, economic and industrial activities is required to bring down the rising number of coronavirus cases in Bangladesh and mitigate the risk to public health, according to various experts and industry leaders.

"The priority should be to save lives. Then comes the concerns on business and economic activities, GDP growth and fiscal budget deficits," said Nihad Kabir, president of the Metropolitan Chamber of Commerce and Industry (MCCI).

Kabir made these comments while addressing a virtual dialogue styled, 'COVID-19: lockdown exit strategy framework for Bangladesh', organised by Resurgent Bangladesh.

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI), MCCI, the Chittagong Stock Exchange, BUILD, and Policy Exchange formed this platform, which will organise several dialogues on the coronavirus issue before preparing a final assessment in August.

"We should give importance to lowering the risk of a mass outbreak, producing essential goods and services and resuming economic activities by enabling both supply and demand," Kabir said.

If economic activities were resumed in areas where the pandemic has had less of an impact, then it could gradually reduce the coronavirus fallout on health and the economy.

"So, the government's zoning system will be useful if we reopen our businesses gradually following the shutdown," the MCCI president added.

The government recently took the initiative to map out areas of the country into red, blue and green zones depending on the frequency of coronavirus infections.

"To spare those who have yet to become infected, the shutdown should end in phases," said former DCCI President Abul Kasem Khan.

There is no specific solution to end the pandemic though, so plans should be made in a way that avoids the loss of life and protects the economy.

Information on infection rates and forecasts on the coronavirus fallout should be shared so that business people can make the right decision based on the information available.

"However, some losses will still occur and that should be kept in mind when ending the shutdown," Khan said.

Riaz Hamidullah, former high commissioner of Bangladesh to Sri Lanka, recently explained the island nation's model for combating the pandemic while keeping risks to both health and the economy in check.

First, the Sri Lankan government ensured that there would be coordination among the concerned ministries while making and implementing policies.

The country then reopened on a limited scale after assessing the situation before eventually fully ending the lockdown.

The COVID-19 outbreak in Bangladesh became severe due to a lack of coordination among the different government bodies during the decision-making process, said Ahsan H Mansur, executive director of the Policy Research Institute.

Reliable and up-to-date data on the country's coronavirus infection rates are needed to help the government make a proper plan on resuming economic activities, he added.

"The government and the private sector need to work together if any plan is to be successfully implemented," said Mohammad Shahidul Haque, a former secretary to the Bangladesh government.

The coronavirus situation in the country needs to be brought under control so that the economy can recover. But considering the impact the lockdown has had on people with low-incomes, the government elected to end the nationwide 'general holiday', he added.

Besides, if employers begin to terminate their workers in a bid to control their losses, it would hurt the economy, said Md. Mosharraf Hossain Bhuiyan, former chairman of the National Board of Revenue.

Bangladesh endured losses of up to Tk 3,300 crore for each day of the lockdown, said M. Masrur Reaz, chairman of Policy Exchange, while presenting his keynote speech during the dialogue.

The country's export revenue may come down to $28 billion as major export destinations such as the EU and the US will have negative economic growth rates due to the coronavirus fallout.

Even remittance may decrease by as much as 7 per cent while the budget deficit could be 7.7 per cent, Reaz said.

"However, this is not the time to raise questions on the fiscal deficit as maintaining a stable economy should be given importance," he added.

DCCI President Shams Ahmed and former DCCI president Asif Ibrahim were present, among others, during the dialogue.

The Financial Express

# Enforce 'hard' lockdown

## *Economists, business leaders, health professionals urge government*

FE REPORT

Economic policy experts, private sector leaders and health professionals have suggested enforcement of a 'hard' lockdown in the country for some days to help control an unmanageable spike in Covid-19 infections.

Taking part in a virtual dialogue on Thursday, they felt that the country's economy was resilient enough to withstand the loss likely to be caused by the lockdown.

The dialogue was the first one of a series being organised by the Resurgent Bangladesh (RB), a national initiative for Private Sector Recovery Approach in the context of Covid-led economic crisis.

The Resurgent Bangladesh is a joint initiative of the MCCI, the Chittagong Stock Exchange (CSE), the Dhaka Chamber of Commerce and Industry (DCCI). the BUILD, and the Policy Exchange.

Dr. Ahsan H Mansur, executive director of the Policy Research Institute (PRI), while strongly advocating for enforcement of a stringent lockdown said both the government and the private sector do need to understand the fact that short-term harsh measures would deliver benefits in the long term.

He said in the event of high prevalence of Covid-infections, Bangladesh would not be able to reopen its economy when many others by managing the health emergency efficiently would restart their economic activities. In such a situation, foreign investors instead of coming to Bangladesh would start leaving it, he expressed the apprehension.

Dr. Mansur said a critical element such as coordination in the management of many affairs of the government has been missing for long. This is being felt more now, he added.

He felt that the people do deserve to know the full details of Covid-19-related developments in the country. Otherwise, he said, it would be very difficult to develop the much-needed awareness among them.

Ms. Nihad Kabir, president of the Metropolitan Chamber of Commerce and Industry, Dhaka (MCCI), also favoured enforcement of a hard lockdown to ensure health safety of the people on a priority basis.

She felt that the country's economy is resilient enough to ensure welfare of the economically vulnerable groups.

Ms. Kabir said trading partners would stay away from Bangladesh if the novel coronavirus continued to stalk its people.

Dr. M. Masrur Reaz, Chairman, Policy Exchange, at the dialogue proposed a framework for Covid-19 lockdown exit strategy on behalf of the Resurgent Bangladesh. Mr. Asif Ibrahim, former president of DCCI moderated.

Mr. Abul Kashem Khan, chairman, BUILD, while supporting enforcement of a tough lockdown said an exit plan could be put in place once health safety is maximised through minimising risks.

He said an exit plan would become a futile exercise unless it is not implemented properly through the dissemination of authentic information on health and economy.

He felt that impact assessment of Covid-19 was essential.

Taking part in the dialogue, Prof. Mostafizur Rahman, distinguished fellow of the Centre for Policy Dialigue (CPD), said the crisis created by the Covid-19 has brought to the fore the weaknesses relating to the shock absorption capacity of the economy.

While underscoring the need for carrying out reforms in various sectors , he added failure on the part of policymakers in this regard has already given rise to manifold problems.

Mr. Shams Mahmud, president of DCCI said the lack of coordination at the policymakers' level has again surfaced during the ongoing major health emergency. He pleaded for increased investment in the tertiary level of the health sector.

Dr. Shakil Farid of the National Health Service (NHS) of the UK maintained that rate of infection in Bangladesh has been rising exponentially and the situation might become 'unmanageable' within next few weeks.

Mr. Riaz Hamidullah, High Commissioner of Bangladesh in Sri Lanka gave a brief account of how the Sri Lankan government executed a plan meticulously to keep the Covid infection level at a very low level.

Dr. Reaz while proposing the framework for an exit plan gave a brief account of the setback that the Bangladesh economy is likely to suffer because of the pandemic.

He said poverty may go up 14 per cent and the economy which was showing signs of sluggishness well before the pandemic might become even weaker in the coming days. Economic recovery is likely to take between two and five years, he said.

Dr. Reaz said formulation of a 'structured' strategy is essential to help the country come out of lockdown.

Two former bureaucrats Mr. Abdul Karim, Mr. Mosharraf Hossain Bhuyian, Mr. Pranshu Jain of PwC, Mr. Ahsan Islam of Monash University and Mr. Rashidul Islam, Genetal Secretary of the Economic Reporters Forum, among others, took part in the dialogue.

*zahidmar10@gmail.com*

প্রথম আলো

# ১৫ দিন ‘লকডাউন’ চান ব্যবসায়ীরা

## রিসারজেন্টের সংলাপ

ব্যবসায়ী ও অর্থনীতিবিদেরা বললেন, এত দিন যা সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তাতে সমন্বয়ের অভাব ছিল। এবার পরিকল্পিত পদক্ষেপ জরুরি।

“ সাধারণ ছুটির মতো বিভ্রান্তিকর ব্যবস্থা বাদ দিয়ে ১০ থেকে ১৫ দিনের জন্য কঠোর পদক্ষেপ দরকার। পরে ধীরে ধীরে খুলে দেওয়া যাবে।

**নিহাদ কবির**, সভাপতি, এমসিসিআই

“ সবাইকে খুশি রাখা যাবে না। কিছু ব্যবসা ক্ষতির মুখে পড়বেই। কোন কোন ব্যবসা এখন চালু রাখাটা একেবারেই জরুরি, সেটা পর্যালোচনা করে পদক্ষেপ নেওয়া দরকার।

**আবুল কাসেম খান**, চেয়ারপারসন, বিল্ড

“ বাংলাদেশে করোনা থেকে গেলে অন্যরা এড়িয়ে চলবে। চীনারা চলে যাবে, জাপানিরা আসবে না। বড় প্রকল্পের কাজ হবে কী করে?

**আহসান এইচ মনসুর**, নির্বাহী পরিচালক, পিআরআই

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

করোনাভাইরাসের প্রাদুর্ভাব বাড়তে থাকার পরিপ্রেক্ষিতে ১৫ দিনের জন্য ‘লকডাউন’ চাইলেন ব্যবসায়ীদের একটি অংশ।

মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি নিহাদ কবির বলেছেন, সাধারণ ছুটির মতো বিভ্রান্তিকর ব্যবস্থা বাদ দিয়ে ১০ থেকে ১৫ দিনের জন্য কঠোর পদক্ষেপ দরকার। পরে ধীরে ধীরে খুলে দেওয়া যাবে।

এ ধরনের কঠোর কোনো পদক্ষেপের পক্ষে মত দিয়েছেন বেসরকারি সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর, ব্যবসায়ী উদ্যোগে গঠিত সংস্থা বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্টের (বিল্ড) চেয়ারপারসন আবুল কাসেম খান, ঢাকা চেম্বারের সভাপতি শামস মাহমুদসহ আরও কয়েকজন।

তাঁদের মত হলো, এখন ব্যবসার সাময়িক ক্ষতি মেনে না নিলে পরে ব্যাপক সংকটে পড়তে হবে। করোনাভাইরাসের প্রার্দুভাব থেকে গেলে মানবিক বিপর্যয় আসবে এবং ব্যবসা-বাণিজ্য ও যোগাযোগের দিক দিয়ে বাংলাদেশ একঘরে হয়ে যাবে।

ব্যবসায়ী ও অর্থনীতিবিদদের এ মতামত উঠে আসে রিসারজেন্ট বাংলাদেশ নামের একটি নবগঠিত মঞ্চ বা প্ল্যাটফর্মের সংলাপে। গতকাল বৃহস্পতিবার অনলাইনে সংলাপটি অনুষ্ঠিত হয়। দেশ-বিদেশ থেকে ব্যবসায়ী, অর্থনীতিবিদ, বিশ্লেষক, চিকিৎসক, কূটনীতিক ও সাবেক কয়েকজন আমলা এতে অংশ নেন।

করোনার ক্ষতি কাটিয়ে দেশের অর্থনীতি ও বেসরকারি খাতে গতি ফেরানোর কৌশল ঠিক করতে রিসারজেন্ট বাংলাদেশ গত মাসে গঠন করা হয়। এমসিসিআই, ডিসিসিআই ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই), বিল্ড ও পলিসি এক্সচেঞ্জের যৌথ উদ্যোগে এটি গঠিত।

উল্লেখ্য, এমসিসিআইয়ের সভাপতি নিহাদ কবির, সাবেক সভাপতি সৈয়দ নাসিম মঞ্জুর, সিএসইর চেয়ারম্যান আসিফ ইব্রাহীম, বিল্ডের চেয়ারপারসন আবুল কাসেম খান ও ডিসিসিআইয়ের সভাপতি শামস মাহমুদ গত মাসে বিভিন্ন পত্রিকায় একটি যৌথ লেখায় ‘লকডাউন’ তুলে নেওয়ার একটি যৌথ রূপরেখা দিয়েছিলেন।

ব্যবসায়ীদের আরেকটি অংশ দ্রুত কারখানা খোলার পক্ষে। তাদের দাবি, দ্রুত কারখানা না খুললে ব্যবসা অন্য দেশে চলে যেতে পারে।

এখন দেখা যাচ্ছে, দেশে করোনায় আক্রান্ত শনাক্ত রোগীর সংখ্যা দ্রুত বাড়ছে। সব মিলিয়ে গতকাল পর্যন্ত দেশে করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছেন ৫৭ হাজার ৫৬৩ জন। মোট মারা গেছেন ৭৮১ জন। এদিকে ৬৬ দিন পর গত ৩০ মে শেষ হয়েছে সাধারণ ছুটি। এ পরিপ্রেক্ষিতে ‘লকডাউন’ দেওয়ার আহ্বান জানালেন ব্যবসায়ীরা।

সংলাপে রিসারজেন্ট বাংলাদেশের পক্ষ থেকে ৫০ পৃষ্ঠার একটি পরিকল্পনা বা ‘এক্সিট প্ল্যান’ তুলে ধরেন পলিসি এক্সচেঞ্জের চেয়ারপারসন এম মাশরুর রিয়াজ। এতে স্বাস্থ্য ও অর্থনীতিতে চ্যালেঞ্জ, কেন্দ্রীয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ, প্রস্তুতি পর্যালোচনা, ভঙ্গুর দিকগুলো খুঁজে বের করা এবং খাতভিত্তিক পদক্ষেপের কথা বলা হয়েছে। এটি সরকারের কাছে জমা দেওয়া হবে বলে জানান তাঁরা।

নিহাদ কবির বলেন, করোনাভাইরাস প্রতিরোধে সমন্বিত ও পরিকল্পিত পদক্ষেপ দেখা যায়নি। বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন সিদ্ধান্ত এসেছে। তখনই রিসারজেন্ট বাংলাদেশ গঠন করা হয়।’

আহসান এইচ মনসুর বলেন, করোনা মোকাবিলায় সমন্বিত পদক্ষেপ জরুরি ছিল। সেটা দেখা যায়নি। এখন যদি সমন্বয় আনা না যায়, তাহলে আগামী দিনগুলোতে আগের মতো ভুলই হতে থাকবে। তিনি বলেন, স্বল্প মেয়াদে সুযোগ নিতে গেলে পরবর্তী সময়ে বড় সংকট তৈরি হবে। এটা ব্যবসায়ীদের বুঝতে হবে।

আবুল কাসেম খান বলেন, সবাইকে খুশি রাখা যাবে না। কিছু ব্যবসা ক্ষতির মুখে পড়বেই। কোন কোন ব্যবসা এখন চালু রাখাটা একেবারেই জরুরি, সেটা পর্যালোচনা করে পদক্ষেপ নেওয়া দরকার। সবার আগে মানুষের স্বাস্থ্য সুরক্ষার ওপর জোর দিতে হবে।

তথ্যপ্রযুক্তি খাতের কোম্পানিগুলোর সংগঠন বেসিসের সাবেক সভাপতি হাবিবুল্লাহ এন করিমও সমন্বয় না থাকার অভিযোগ করেন।

ডিসিসিআইয়ের সভাপতি শামস মাহমুদ বলেন, সবাই সমন্বয়ের অভাবের কথা বলছেন। এটার একটা সমাধান হওয়া দরকার।

বেসরকারি সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বিশেষ ফেলো মোস্তাফিজুর রহমান বলেন, ‘আমাদের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধির ধাক্কা সামলানোর সক্ষমতা যে দুর্বল, সেটা প্রমাণিত হলো। এখন চিন্তার বিষয়, বৈষম্য আরও বেড়ে গিয়ে অস্থিরতা হয় কি না।’

যুক্তরাজ্য থেকে যোগ দেওয়া অক্সফোর্ড ইউনিভার্সিটি হাসপাতালের চিকিৎসক শাকিল ফরিদ অন্তত দুই সপ্তাহের জন্য লকডাউনের পরামর্শ দেন। তিনি বলেন, ‘হার্ড ইমিউনিটি’র পথে গেলে মৃত্যুহার অনেক বেড়ে যাবে।

মুক্ত আলোচনা সঞ্চালনা করেন সিএসইর চেয়ারম্যান আসিফ ইব্রাহীম। এতে রাষ্ট্রদূত রিয়াজ হামিদুল্লাহ, সাবেক আইন সচিব মোহাম্মদ শহীদুল হক, প্রধানমন্ত্রীর সাবেক মুখ্য সচিব আবদুল করিম, এনবিআরের সাবেক চেয়ারম্যান মোশাররফ হোসেন ভূঁইয়া প্রমুখ অংশ নেন।

সত্যের সন্ধানে নির্ভীক
THE DAILY JUGANTOR
যুগান্তর

# ছুটি নয়, আরেক দফা 'কঠোর লকডাউনের' প্রস্তাব

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

করোনাভাইরাস সংক্রমণ যেভাবে ঘটছে, তা নিয়ন্ত্রণ করতে না পারলে দেশের মানুষের জীবনের পাশাপাশি অর্থনীতিরও ক্ষতি হবে বলে সতর্ক করে নতুন করে ১৫-২০ দিনের কঠোর লকডাউন বাস্তবায়নের প্রস্তাব এসেছে একটি আলোচনা সভা থেকে। ব্যবসায়ী, কূটনীতিক, আমলা ও উন্নয়ন গবেষকদের এই আলোচনায় মহামারী নিয়ন্ত্রণে সরকারের সঙ্গে বেসরকারি খাতের সমন্বয় জোরদারেরও পরামর্শ এসেছে।

বৃহস্পতিবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'রিসার্জেন্ট বাংলাদেশ: রোডম্যাপ টু রিকভারি' শিরোনামের এই সংলাপে উন্নয়ন গবেষক আহসান এইচ মনসুর, এমসিসিআই সভাপতি ব্যারিস্টার নিহাদ কবির, ডিসিসিআইয়ের সাবেক সভাপতি আবুল কাশেম খান, জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান মোশাররফ হোসেন ভূঁইয়া, সাবেক মুখ্য সচিব আবদুল করিম ও সিপিডির সম্মানীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমানসহ আরও কয়েকজন অংশগ্রহণ করেন। শ্রীলংকায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রিয়াজ হামিদুল্লাহও আলোচনায় অংশ নেন।

নতুন করে লকডাউনের প্রস্তাব করে নিহাদ কবির বলেন, 'আমার বিশ্বাস, বাংলাদেশের অর্থনীতির এখন যে সক্ষমতা রয়েছে ■ পৃষ্ঠা ১১ : কলাম ৪

তাতে আমরা ১৫-২০ দিনের জন্য যদি একটা কঠোর লকডাউন দিতে পারি, তাহলে পরবর্তী সময়ে আমাদের অর্থনীতি পুনরুদ্ধারে ততটাই উপকার হবে।'

এ ব্যবসায়ী বলেন, 'এই মুহূর্তে সামনে এগিয়ে যেতে বড় ধরনের বিপদের সম্মুখীন না হতে চাইলে কঠিন সিদ্ধান্ত নিয়ে সাধারণ ছুটির মতো বিভ্রান্তিকর কোনো তথ্য না দিয়ে একেবারে কঠিন একটা লকডাউন দিতে হবে।

তারপর একটা পরিকল্পনা গ্রহণ করে সে অনুযায়ী ধাপে ধাপে সব ব্যবসাপ্রতিষ্ঠানসহ আমাদের অন্য প্রতিষ্ঠানগুলো খুলতে হবে।'

নিহাদ কবির বলেন, 'আমরা এটাকে শুধু অর্থনীতির চোখে দেখছি না, আমরা ব্যবসায়ী সম্প্রদায় প্রথম থেকেই বলে আসছি যে, সবার আগে আমাদের দেশের সব নাগরিকের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা এবং অর্থনৈতিকভাবে সবচেয়ে ঝুঁকিপূর্ণ অবস্থায় যারা আছেন তাদের অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করতে হবে। এটা করার পর আমরা আমাদের ব্যবসার দিকে তাকাব।'

'এটা যদি আমরা করি, তাহলে হয়তো ভবিষ্যতে আমরা বড় ধরনের বিপর্যয় এড়াতে পারব।'

অর্থনীতিবিদ আহসান এইচ মনসুর মনে করেন, "এই মুহূর্তে স্বল্পমেয়াদি লাভের কৌশল অর্থনীতি পুনরুদ্ধারে সহায়ক হবে না, বরং তাতে 'বিরাট ক্ষতি' হয়ে যেতে পারে।

স্বল্প মেয়াদে অর্থনৈতিক লাভের জন্য যদি আমরা করোনাভাইরাস বাড়তে দিই তাহলে পরবর্তী সময়ে মাসের পর মাস আমাদের ভুগতে হবে। এটা ব্যবসায়ী সমাজকেও বুঝতে হবে।"

ব্র্যাক ব্যাংকের চেয়ারম্যান আহসান মনসুর বলেন, 'এখনকার পরিস্থিতি চলতে থাকলে শিগগির সিঙ্গাপুরসহ বিশ্বের অন্যান্য দেশের ব্যবসা-বাণিজ্য বাংলাদেশ সময়মতো খুলতে পারবে না।

আমরা যদি সংক্রমণ বন্ধ করতে না পারি, তাহলে চীন থেকে যেসব ব্যবসায়ী অন্য দেশে বিনিয়োগের দেশ খুঁজছে, তখন সেসব ব্যবসায়ী বাংলাদেশে আসবে না। পরিস্থিতি আরও খারাপ হলে উল্টো আমাদের দেশ থেকে চীনা ও জাপানিরা চলে যেতে পারে।'

পরিস্থিতির উত্তরণে নতুন করে লকডাউন দেয়ার প্রস্তাব করে তিনি বলেন, 'আরও কিছু দিনের জন্য যদি একটা কঠোর লকডাউন করা হয়, তাহলে ভবিষ্যতে অনেক বেশি লাভ হতে পারে। লকডাউন দিলে কঠোর লকডাউন দিতে হবে। যদি আবার একটা লকডাউনের ঘোষণা দিয়ে এর মধ্যে বাস-ট্রেন কিংবা সাধারণ মানুষের যাতায়াত অব্যাহত থাকে তাহলে কিন্তু হবে না।

তা না-হলে আমরা এমন এক দিকে যাচ্ছি যেখানে সবাই (বিনিয়োগ ও ব্যবসা) আমাদের দিকে না এসে অন্যদিকে চলে যাবে।'

তবে ভবিষ্যতের যে কোনো সিদ্ধান্ত সংশ্লিষ্ট সব পক্ষের মধ্যে সমন্বয়ের মাধ্যমে নিতে হবে বলে মনে করেন আহসান এইচ মনসুর। তিনি বলেন, 'আমরা যদি সমন্বয় করে সিদ্ধান্ত নিতে না পারি, তাহলে গত চার মাসে আমরা যেসব ভুল সিদ্ধান্ত নিয়েছি, সেগুলোর পুনরাবৃত্তি হবে। সমন্বয়ের অভাবেই আজ আমরা এই অবস্থায় চলে এসেছি। তবে ভুল থেকে শিক্ষা নিতে হবে।'

এই গবেষক বলেন, 'মহামারী মোকাবেলায় আমাদেরকে সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগে আরও মনোযোগী হতে হবে। তাদের বোঝাতে হবে যে (এই মহামারী) কতটা ভয়ংকর। জনগণের স্বতঃস্ফূর্ত সামাজিক প্রতিশ্রুতির মাধ্যমেই এই ভয়ংকর অবস্থা থেকে বের হওয়া সম্ভব।'

শ্রীলংকায় দায়িত্ব পালনের সুবাদে সেখানকার পরিস্থিতি দেখার অভিজ্ঞতা থেকে সমন্বয়ের প্রয়োজনীয়তার কথা বলেন রাষ্ট্রদূত রিয়াজ হামিদুল্লাহও। তিনি বলেন, শ্রীলংকায় কোভিড-১৯ মোকাবেলায় সরকারি-বেসরকারি খাত সমন্বিতভাবে কাজ করেছে। কিন্তু আমাদের দেশে, বিশেষ করে সরকারি অধিদফতরগুলোর মধ্যেও সমন্বয় নেই।' উদাহরণ দিয়ে এই রাষ্ট্রদূত বলেন, 'গত ১১ এপ্রিল শ্রীলংকা লকডাউন তুলে দেয়ার পর দেশটির বাসগুলোয় ব্যাপকভাবে জীবাণুনাশক স্প্রে করা হয়। ব্যাপক সমন্বয়ের মাধ্যমে তারা এটা করেছে। এভাবে বাংলাদেশেও সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করলে সফল হবে বলে আমি আশাবাদী।'

সিপিডির ফেলো মোস্তাফিজুর রহমান বলেন, 'এর আগে আসলে লকডাউন দেয়া হয়নি, তা ছিল সাধারণ ছুটি। এখন নতুন করে লকডাউন দিতে হলে প্রান্তিক ও দরিদ্র মানুষের কাছে কীভাবে খাবার পৌঁছাবেন তার একটা পরিকল্পনা করে যাওয়া দরকার।' বৈষম্য যাতে আরও বেড়ে না যায়, তা-ও পরিকল্পনায় রাখার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

ব্যবসায়ী নেতা আবুল কাশেম বলেন, 'প্রতিটি দেশেরই করোনাভাইরাস মোকাবেলার প্রক্রিয়া ভিন্ন হবে। কারণ একেক দেশের মানুষের লাইফস্টাইল বা বসবাস একেক রকম হতে পারে। আমাদের দেশ সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ। তাই অন্য দেশের সঙ্গে মেলানো যাবে না। আমাদের সমস্যা আমরা কীভাবে মোকাবেলা করব তার জন্য সরকারি-বেসরকারি উভয় পক্ষকেই সমন্বয় করে কাজ করতে হবে।'

মোশাররফ হোসেন ভূঁইয়া বলেন, 'প্রান্তিক ও সাধারণ মানুষকে বাঁচানোর জন্যই লকডাউন খুলেছে সরকার। অর্থনীতিকে আগের অবস্থায় নিয়ে যেতে সবাইকে সমন্বয় করে কাজ করতে হবে।'

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, সংলাপ, গবেষণা ও পরামর্শক প্রতিষ্ঠান (বিল্ড) এবং পলিসি এক্সচেঞ্জ এই সংলাপ আয়োজনে সহযোগিতা করে।

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল

# স্বাস্থ্য ও অর্থনীতির মধ্যে সমন্বয় থাকতে হবে

■ সমকাল প্রতিবেদক

জনসাধারণ ও অর্থনীতির ভবিষ্যৎ স্বার্থের কথা চিন্তা করে কিছুদিনের জন্য পুরো দেশে কঠোর লকডাউন কার্যকর করার পরামর্শ এসেছে বেসরকারি খাতের এক সংলাপ থেকে। সেখানে বক্তারা বলেছেন, এতে সাময়িক ক্ষতি হলেও দীর্ঘমেয়াদে বড় ক্ষতি থেকে বাঁচা যাবে। তারা স্বাস্থ্য ও অর্থনীতির মধ্যে সমন্বয়ের পরামর্শ দিয়েছেন।

করোনাভাইরাসের পরিপ্রেক্ষিতে আর্থসামাজিক ক্ষেত্রে যে অবরুদ্ধ পরিস্থিতি সৃষ্টি হয়েছে, তা থেকে বের হওয়ার কৌশল নিয়ে আলোচনার উদ্দেশ্যে বৃহস্পতিবার পরামর্শক সংস্থা রিসারজেন্ট বাংলাদেশ ভার্চুয়াল এ সংলাপের আয়োজন করে। বাণিজ্য সংগঠন এমসিসিআই, ডিসিসিআই, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, বিল্ড এবং অর্থনৈতিক থিঙ্ক ট্যাঙ্ক পলিসি এক্সচেঞ্জ যৌথভাবে এই প্ল্যাটফর্ম তৈরি করেছে। অনুষ্ঠান পরিচালনা করেন ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম।




CROWN IZONIL
WATERPROOF PLASTER
১০০% ওয়াটারপ্রুফ এবং ড্যাম্প-প্রুফ সল্যুশন
বিস্তারিত: ০১৭৬৬৬৯৯৭০৫

এমসিসিআই সভাপতি নিহাদ কবির বলেন, এখন দরকার স্বাস্থ্য ও অর্থনৈতিকভাবে সবচেয়ে ঝুঁকিতে থাকা লোকজনকে নিরাপত্তা দেওয়া, দ্রুত অর্থনীতিতে গতি সৃষ্টি করা। পিআরআইয়ের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, সমন্বয় ঠিকমতো না হলে ভুল হতে থাকবে। সমাজ ও অর্থনীতির আগামী দিনের জন্য স্বল্প মেয়াদে কিছু ক্ষতি মানতে হবে। নতুবা পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলা যেমন কঠিন হবে, তেমনি সম্ভাবনাও কাজে লাগানো যাবে না। এজন্য রাজনৈতিক সিদ্ধান্ত দরকার। সিপিডির সম্মাননীয় ফেলো মোস্তাফিজুর রহমান বলেন, চতুর্মাত্রিক সংকটের মধ্য দিয়ে যাচ্ছে দেশ। এখন বৈষম্য না বাড়ে, সামাজিক অস্থিরতা তৈরি না হয় এমন উদ্যোগ দরকার। এছাড়া বৈশ্বিকভাবে যেসব উদ্যোগ আসছে সেগুলোর সঙ্গে সংশ্লিষ্ট হতে হবে।

পলিসি এক্সচেঞ্জের চেয়ারম্যান মাশরুর রিয়াজ করোনাভাইরাসের প্রভাব নিয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি বলেন, বিশ্বব্যাপী বিনিয়োগ ও কর্মসংস্থান কমবে। ব্যবসা-বাণিজ্য সীমিত হবে। দারিদ্র্য ও বৈষম্য বাড়বে। বাংলাদেশও এর বাইরে নয়। ফলে এই প্রভাব মোকাবিলায় সরকার ও বেসরকারি খাতের মধ্যে সমন্বয় করে পরিকল্পিতভাবে এগোতে হবে। স্বাস্থ্য, অর্থনীতি ও সামাজিক পরিস্থিতির মধ্যে সমন্বয় করতে হবে। তিনি স্বাস্থ্য, অর্থনীতি, আইসিটিসহ সব খাতের প্রতিনিধিদের নিয়ে উচ্চ পর্যায়ের কমিটি গঠনের পরামর্শ দেন। বিল্ডের চেয়ারম্যান আবুল কাশেম খান বলেন, অর্থনৈতিক কর্মকাণ্ড বন্ধ করা যাবে না। আবার স্বাস্থ্য নিরাপত্তায় সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। ঢাকা চেম্বারের সভাপতি শামস মাহমুদ সমাপনী বক্তব্যে বলেন, সমন্বয় দরকার। যেসব সিদ্ধান্ত নেওয়া হবে সেগুলো ঠিকমতো বাস্তবায়ন করতে হবে।

শ্রীলংকায় বাংলাদেশের রাষ্ট্রদূত রিয়াজ হামিদউল্লাহ বলেন, শ্রীলংকা শুরুতে কঠোর হয়েছে। স্বাস্থ্য, অর্থনীতির মধ্যে সমন্বয়ের চেষ্টা করেছে। যে কারণে বর্তমানে দেশটিতে প্রাদুর্ভাব কমে এসেছে। সাবেক আইন সচিব মোহাম্মাদ শহীদুল হক বলেন, সরকারের ভেতরে এবং সরকারের সঙ্গে বেসরকারি খাতের মধ্যে সমন্বয় দরকার। সাবেক মুখ্য সচিব আব্দুল করিম বলেন, জীবন ও জীবিকার মধ্যে সমন্বয় রেখেই উদ্যোগ নিতে হবে। আইসিটির ব্যবহার করতে হবে। কর্মসংস্থানের সুযোগ রেখে নীতি তৈরি করতে হবে। এনবিআরের সাবেক চেয়ারম্যান মোশাররফ হোসেন ভুইয়া বলেন, এখন পুনরুদ্ধার পরিকল্পনা জরুরি। কর্মসংস্থান ঠিক থাকলে চাহিদা হবে। আর চাহিদা থাকলে অর্থনীতি গতিশীল হবে। অস্ট্রেলিয়ার মোনাস বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আসাদ ইসলাম বলেন, টেস্টিং বাড়ানোর জন্য গ্রুপ টেস্টিং করা যেতে পারে। এছাড়া বেসিসের সাবেক সভাপতি হাবিবুল্লাহ করিম, ঢাবির সহযোগী অধ্যাপক রাশেদুর রহমান, ইআরএফ সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম প্রমুখ বক্তব্য দেন।